



স্মারক নং: ৫৬.০৪.৪১০৯.০০০.৯৯.০০১.২২.৭৪

তারিখঃ ১৭/১২/২০২৩ খ্রিঃ

আউটসোর্সিং প্রশিক্ষণের বিজ্ঞপ্তি

সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৩-২৪ অর্থ বছরে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর থেকে গ্রহণকৃত জেলা এবং উপজেলা সমূহে ফ্রিল্যান্সিং প্রদানের নিমিত্ত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের আওতায় বেকার যুবক/যুব মহিলাদের কর্মসংস্থানের জন্যে বাঘারপাড়া উপজেলায় ৩৫ দিন ব্যাপী ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ কার্যক্রম সম্পূর্ণ বিনামূল্যে পরিচালনা করা হবে। উক্ত প্রশিক্ষণ গ্রহণের জন্য নিম্নোক্ত শর্তাধীনে প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

প্রশিক্ষার্থীদের সংখ্যা	আবেদন জমার শুরু ও শেষ তারিখ এবং সময়	মৌখিক পরীক্ষার তারিখ ও সময়	প্রশিক্ষণে আবেদনের লিংক	প্রশিক্ষণের তারিখ, সময় ও স্থান
২৫ জন	অনলাইনে ২৪/১২/২০২৩ হতে ১১/০১/২০২৪ খ্রি. বিকাল ৫.০০টার পর্যন্ত আবেদন করতে পারবেন	পরবর্তীতে জানানো হবে	www.training.gov.bd/batch-details/JAS-BAG-DM-01	পরবর্তীতে জানানো হবে

- ▶ প্রশিক্ষণে অংশগ্রহণ করতে ইচ্ছুক প্রার্থীদেরকে নিম্নোক্ত লিংকে প্রবেশ করে আগামী ২৪/১২/২০২৩খ্রি. তারিখ হতে ১১/০১/২০২৪খ্রি. তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে অনলাইনে আবেদন করতে পারবেন। এক্ষেত্রে সরাসরি বা ডাকযোগে কোন আবেদন গ্রহণ করা হবে না।
লিংক:- www.training.gov.bd/batch-details/JAS-BAG-DM-01
- ▶ বেসিক আইসিটি, ইন্টারনেট ব্রাউজিং দক্ষতা এবং ফটোশপের দক্ষতাকে অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে।
- ▶ ফ্রিল্যান্সিংকে পেশা হিসাবে গ্রহণে ইচ্ছুক এমন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে।
- ▶ প্রশিক্ষনার্থীর অবশ্যই নিজস্ব ল্যাপটপ থাকতে হবে।
- ▶ প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ শেষে সার্টিফিকেট প্রদান করা হবে।
- ▶ প্রাথমিক নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে।
- ▶ চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা উপজেলা ওয়েবপোর্টাল ও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের উপজেলার ওয়েবপোর্টালে প্রকাশ করা হবে।
- ▶ প্রশিক্ষণার্থীদের কোন প্রকার টিএ/ডিএ কিংবা সম্মানী প্রদান করা হবে না।
- ▶ দূরবর্তী প্রশিক্ষণার্থীদের নিজ ব্যবস্থাপনায় থাকা খাওয়ার ব্যবস্থা করতে হবে।
- ▶ প্রশিক্ষণে অংশগ্রহণ করতে ইচ্ছুক প্রার্থীদেরকে অবশ্যই বাঘারপাড়া উপজেলার স্থায়ী নাগরিক হতে হবে।
- ▶ আবেদনের ক্ষেত্রে উদ্যোক্তা, পৌরসভা/ইউনিয়ন ডিজিটাল সেন্টারের সহযোগিতা গ্রহণ করা যেতে পারে।

হোসনে আরা তালুক
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর।